# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 29 April, 2025

শেরপুরের ঝিনাইগাতী উপজেলার গজনী অবকাশ জিরো পয়েন্ট এলাকা থেকে ভারতীয় বিভিন্ন ব্র্যান্ডের মোট ৫৭০ বোতল মদ জব্দ করেছে পুলিশ।মঙ্গলবার (২৯ এপ্রিল) মধ্যরাতে চালানো এই অভিযানে জব্দকৃত মদের বাজারমূল্য প্রায় ৩০ লাখ টাকা বলে জানিয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

জেলা পুলিশ সুপার মো. আমিনুল ইসলামের নির্দেশনায় এবং ঝিনাইগাতী থানার অফিসার ইনচার্জ (ওসি) আল আমিনের নেতৃত্বে অভিযান পরিচালিত হয়।অভিযানে অংশ নেন তদন্ত কর্মকর্তা আজম, এসআই হাসেম, এসআই হারুন ও এসআই জামালসহ পুলিশের একটি চৌকস দল।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে সীমান্তবর্তী জিরো পয়েন্ট এলাকায় অভিযান চালানো হয়।এ সময় ভারতের দিক থেকে চোরাচালানের মাধ্যমে আনা মদের বড় একটি চালান জব্দ করা হয়।তবে অভিযানের সময় কাউকে আটক করা সম্ভব হয়নি।

এ বিষয়ে ওসি আল আমিন বলেন, "আমাদের কাছে আগে থেকেই তথ্য ছিল যে, আজ ভোরে একটি বড় চালান সীমান্ত দিয়ে প্রবেশ করতে পারে।সে অনুযায়ী সতর্ক অবস্থান নেওয়া হয় এবং মদের বোতলগুলো জব্দ করতে সক্ষম হই।বর্তমানে এ ঘটনায় মামলা প্রক্রিয়াধীন রয়েছে।" সীমান্ত এলাকায় অবৈধ মদ চোরাচালান প্রতিরোধে পুলিশি তৎপরতা অব্যাহত থাকবে বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

শেরপুর ওসি পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:17

URL: https://www.timestodaybd.com/mymensingh/1621775807